

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪৫৮/২০১৩

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯
০৬ অক্টোবর ২০২২

বিষয়: **শুনানীতে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নর্থ বেংগল হজ্জ ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং ১০৮৬) এর বিরুদ্ধে নিম্নরূপ অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ১৮/১০/২০২২খ্রি. তারিখ, মঙ্গলবার সকাল ৯.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমাণসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
নর্থ বেংগল হজ্জ ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং ১০৮৬)	এজেন্সির হজ লাইসেন্স নবায়নের মেয়াদ ৩১.১২.২০২১ তারিখ শেষ হয়েছে। তাই পরবর্তীতে হজ ও ওমরাহ আইন ২০২১ অনুযায়ী পরবর্তী মেয়াদে অর্থাৎ ২০২২-২০২৪ মেয়াদে নবায়নের জন্য আবেদন করে। কিন্তু আবেদনের শর্ত মোতাবেক হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্রসহ অন্যান্য কাগজপত্র দাখিল করার নির্দেশনা থাকলেও বর্ণিত এজেন্সি পূর্বে দাখিলকৃত মেয়াদ উত্তীর্ণ চুক্তিপত্রে ঘষা মাজা করে নতুন মেয়াদ উল্লেখ করে দাখিল করেছে। যা হজ ও ওমরাহ আইনের সুস্পষ্টতা লংঘন।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

e-mail:morahajsection@gmail.com

জনাব

স্বস্তাধিকারী, নর্থ বেংগল হজ্জ ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং ১০৮৬)

Rashid Mansion, Dha-3, Dharla R/A, R.K Road, Khalilgonj, Kurigram.

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪৫৮/২০১৩

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯
০৬ অক্টোবর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৪. অফিস কপি

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব